# বাংলাদেশ মহিলা পরিষদ

লিগ্যাল এইড উপ-পরিষদ, কেন্দ্রীয় কমিটি

## নারী ও কন্যা নির্যাতন বিষয়ক তথ্য (জানুয়ারি- ডিসেম্বর, ২০২৩)

| ক্র নং | নির্যাতনের ধরণ | নারী ও কন্যা নির্যাতন | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জানু | ফেব্রু | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলা | আগ | সেপ্টে | অক্টো | নভে | ডিসে | মোট |
| ১. | ধর্ষণ | ৪১ | ৩৬ | ৩৭ | ৪৬ | ৪৯ | ৩৭ | ৩৮ | ৪০ | ৪৪ | ২৯ | ২৭ | ২৭ | ৪৫১ |
| ২. | দলবদ্ধ ধর্ষণ | ৬ | ৭ | ১০ | ৯ | ১৫ | ১৩ | ১৬ | ১১ | ১৮ | ১০ | ৭ | ১৮ | ১৪০ |
| ৩. | ধর্ষণের পর হত্যা | ৭ | ১ | ৭ | ৪ | ১ | ৩ | ৬ | - | ১ | ১ | - | ৩ | ৩৪ |
| ৪. | ধর্ষণের কারণে আত্মহত্যা | - | - | - | ১ | - | - | - | ১০ | ১ | - | ১ | ১ | ১৪ |
| ৫. | ধর্ষণের চেষ্টা | ৫ | ১১ | ৯ | ১২ | ৯ | ৭ | ১৬ | - | ৯ | ১১ | ৫ | ৪ | ৯৮ |
| ৬. | যৌন নিপীড়ন | ৬ | ১৬ | ১২ | ৮ | ২৫ | ১৫ | ১০ | ২২ | ১২ | ১৬ | ৪ | ৩ | ১৪৯ |
| ৭. | উত্ত্যক্তকরণ | ৪ | ৯ | ৫ | ৯ | ১৬ | ৭ | ৭ | ৩ | ৯ | ২ | ৯ | ৪ | ৮৪ |
| ৮. | উত্ত্যক্তকরণের কারণে আত্মহত্যা | ২ | ২ | ২ | ১ | - | ২ | - | - | - | - | - | - | ৯ |
| ৯. | নারী ও কন্যা পাচার | ২ | ৩ | ৪ | | ২ | - | - | - | ১ | - | ১ | - | ১৩ |
| ১০. | এসিডদগ্ধ | - | - | - | ১ | ১ | - | ২ | ১ | ১ | - | - | ২ | ৮ |
| ১১. | এসিডদগ্ধের কারণে মৃত্যু | - | - | - | | - | - | - | - | - | - | - | - | - |
| ১২. | অগ্নিদগ্ধ | ১ | ১ | ২ | | - | ৪ | - | - | ১ | - | ৪ | ১ | ১৪ |
| ১৩. | অগ্নিদগ্ধের কারণে মৃত্যু | ৩ | ১ | ১ | ২ | ৩ | ১ | ১ | - | ১ | ১ | ৩ | ৩ | ২০ |
| ১৪. | যৌতুকের কারণে নির্যাতন | ৯ | ৪ | ৪ | ৪ | ১০ | ৮ | ৮ | ৮ | ৩ | ৩ | ৫ | ৪ | ৭০ |
| ১৫. | যৌতুকের কারণে হত্যা | ২ | ৩ | - | ৫ | ৫ | ৫ | ৬ | ৭ | ৫ | ৭ | ৩ | ৪ | ৫২ |
| ১৬. | শারীরিক নির্যাতন | ১৪ | ২৪ | ৪৩ | ১৭ | ১৬ | ২৯ | ১৮ | ১৮ | ২৩ | ৯ | ১২ | ৮ | ২৩১ |
| ১৭. | পারিবারিক সহিংসতা | - | - | - | - | - | - | - | - | - | - | | | - |
| | ১৭.১ শারীরিক নির্যাতন | - | ৩ | - | ৩ | ৫ | ৫ | ২ | ৭ | ৩ | ৩ | ১ | - | ৩২ |
| | ১৭.২ মানসিক নির্যাতন | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| | ১৭.৩ যৌন নির্যাতন | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| | ১৭.৪ আর্থিক ক্ষতি | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৮. | গৃহকর্মী নির্যাতন | ৪ | - | - | ১ | - | ১ | ১ | ২ | ২ | ১ | ১ | - | ১৩ |
| ১৯. | গৃহকর্মী হত্যা | ১ | ২ | - | ২ | - | - | - | ১ | ১ | ১ | - | - | ৮ |
| ২০. | গৃহকর্মী আত্মহত্যা | - | - | ১ | | - | ১ | ২ | - | - | - | - | - | ৪ |
| ২১. | হত্যা | ৩৬ | ৪০ | ৪০ | ৩৫ | ৪৮ | ৫০ | ৫৬ | ৪৩ | ৪২ | ৪৩ | ৪৫ | ২১ | ৪৯৯ |
| ২২. | হত্যার চেষ্টা | ২ | ১ | - | | ১ | ১ | ৪ | ১ | ২ | ৩ | ৩ | ১ | ১৯ |
| ২৩. | রহস্যজনক মৃত্যু | ২৫ | ১০ | ২২ | ২১ | ২৬ | ২০ | ৩০ | ২৩ | ৩০ | ২৪ | ২০ | ১৫ | ২৬৬ |
| ২৪. | আত্মহত্যা | ৩৫ | ১৬ | ১০ | ১৮ | ২০ | ১৯ | ২০ | ২৮ | ২০ | ২১ | ১৫ | ১৯ | ২৪১ |
| ২৫. | আত্মহত্যায় প্ররোচনা | ২ | ৮ | ৪ | ১ | ৪ | ১ | ৩ | ২ | ২ | ৪ | ৩ | ৪ | ৩৮ |
| ২৬. | আত্মহত্যার চেষ্টা | ১ | ১ | ২ | | - | - | - | - | ১ | - | - | ১ | ৬ |
| ২৭. | পিতৃত্বের দাবি | - | - | - | | - | - | - | - | - | - | - | - | - |
| ২৮. | অপহরণ | ১১ | ১০ | ১১ | ১৬ | ১৬ | ১১ | ১০ | ১৯ | ১৪ | ৪ | ৪ | ৬ | ১৩২ |
| ২৯. | অপহরণের চেষ্টা | - | ১ | ১ | | ৭ | | ১৮ | ১ | ১ | ১ | ৩ | - | ৩৩ |
| ৩০. | ফতোয়া | - | ১ | - | ১ | ৪ | ২ | ২ | ১ | ১ | - | - | - | ১২ |
| ৩১. | বাল্যবিবাহ | - | ২ | - | ৩ | ১ | ১ | ৭ | ৩ | ৩ | ১ | ১ | ১ | ২৩ |
| ৩২. | বাল্যবিবাহের চেষ্টা | ৫ | ৮ | ৬ | ১ | ৩ | ৫ | - | ৭ | ৬ | ২ | ১ | ৬ | ৫০ |
| ৩৩. | জোরপূর্বক বিয়ে | - | - | - | | - | - | - | - | - | - | - | - | - |
| ৩৪. | পুলিশী নির্যাতন | ১ | ১ | ৩ | | ১ | - | - | - | - | - | ২ | - | ৮ |
| ৩৫. | সাইবার ক্রাইম | ৫ | ৫ | ৪ | ১ | ৬ | ৩ | ৫ | ১ | ৬ | ২ | ২ | ৪ | ৪৪ |
| ৩৬. | অন্যান্য | ১০ | ৫ | ৯ | ১১ | ৭ | ১৪ | ১০ | ১৪ | ১০ | ১২ | ৯ | ১১ | ১২২ |
| মোট | | ২৪০ | ২৩২ | ২৪৯ | ২৩৩ | ৩০১ | ২৬৫ | ২৯৮ | ২৭৩ | ২৭৩ | ২১১ | ১৯১ | ১৭১ | ২৯৩৭ |

**পত্রিকার নামঃ** The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ।

বাংলাদেশ মহিলা পরিষদ
BANGLADESH MAHILA PARISHAD
SUFIA KAMAL BHABAN
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com
NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations
Reg. No.Dha-0462

## নারী ও কন্যা নির্যাতন বিষয়ক তথ্য (জানুয়ারি- ডিসেম্বর, ২০২৩)

তারিখ: ০১.০১.২০২৪
বরাবর
**বার্তা সম্পাদক সমীপে**
দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল
সংবাদ প্রকাশার্থে ও সংবাদ প্রচারার্থে।

**বিষয়: বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় লিগ্যাল এইড উপ-পরিষদে সংরক্ষিত ১২টি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের ভিত্তিতে ২০২৩ সালের জানুয়ারি-ডিসেম্বর মোট ১৩৫১ জন কন্যা এবং ১৫৮৬ জন নারী নির্যাতনের শিকার হওয়ার ঘটনার তথ্য প্রসঙ্গে।**

পত্রিকায় প্রকাশিত সংবাদ অনুসারে ২০২৩ সালের জানুয়ারি-ডিসেম্বর মোট ২৯৩৭ জন নারী ও কন্যা নির্যাতনের শিকার হয়েছে। ৬৩৯ জন ধর্ষণের শিকার হয়েছে, এরমধ্যে ৪৩১ জন কন্যা ও ২০৮ জন নারী। তারমধ্যে ৬৯ জন কন্যাসহ ১৪০ জন দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে, ২৫ জন কন্যাসহ ৩৪ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে, ৯ জন কন্যাসহ ১৪ জন ধর্ষণের কারণে আত্মহত্যার ঘটনা ঘটেছে। এছাড়াও ৬৮ জন কন্যাসহ ৯৮ জনকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে।

যৌন নিপীড়নের শিকার হয়েছে ১৪৯ জন এরমধ্যে ১০৩ জন কন্যা। উত্ত্যক্তকরণের শিকার হয়েছে ৯৩ জন এরমধ্যে ৮৪ জন কন্যা। তারমধ্যে উত্ত্যক্তকরণের কারণে আত্মহত্যা করতে বাধ্য হয়েছে ৮ জন কন্যাসহ ৯ জন। বিভিন্ন কারণে ৮৭ জন কন্যাসহ ৪৯৯ জনকে হত্যা করা হয়েছে। এছাড়াও বিভিন্ন কারণে হত্যার চেষ্টা করা হয়েছে ১৯ জন এরমধ্যে কন্যা ৬ জন। ৭৪ জন কন্যাসহ ২৬৬ জনের রহস্যজনক মৃত্যু হয়েছে। ১০২ জন কন্যাসহ ২৭৯ জন আত্মহত্যা করতে বাধ্য হয়েছে, এরমধ্যে ১০ জন কন্যাসহ ৩৮ জন আত্মহত্যার প্ররোচনার শিকার হয়েছে। এছাড়াও আত্মহত্যার চেষ্টা করেছে ৩ জন কন্যাসহ ৬ জন।

নারী ও কন্যা পাচারের শিকার হয়েছে ১৩ জন এরমধ্যে কন্যা ১০ জন। এসিডদগ্ধের ঘটনা ঘটেছে ৮ জনের এরমধ্যে কন্যা ৪ জন। ৩৪ জনের অগ্নিদগ্ধের ঘটনা ঘটেছে এরমধ্যে ২০ জনের অগ্নিদগ্ধের কারণে মৃত্যু হয়েছে এবং তারমধ্যে ৮ জন কন্যা অগ্নিদগ্ধসহ ১ জন কন্যার  অগ্নিদগ্ধের কারণে মৃত্যু হয়েছে। যৌতুকের কারণে নির্যাতনের শিকার হয়েছে ১২২ জন, এরমধ্যে ৫২ জনকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে এবং তারমধ্যে ৬ জন কন্যাসহ যৌতুকের কারণে হত্যা করা হয়েছে ৩ জন। শারীরিক নির্যাতনের শিকার হয়েছে মোট ২৩১ জন এরমধ্যে ৮৩ জন কন্যা। পারিবারিক সহিংসতায় শারীরিক নির্যাতনের শিকার হয়েছে ৩২ জন। ১৮ জন কন্যাসহ ২৫ জন গৃহকর্মী নির্যাতনের শিকার হয়েছে, এরমধ্যে ৮ জন গৃহকর্মীর হত্যার ঘটনা ঘটেছে এবং ৪ জন গৃহকর্মীর আত্মহত্যার ঘটনা ঘটেছে। ১১৫ জন কন্যাসহ ১৩২ জন অপহরণের শিকার হয়েছে এবং ১৩ জন কন্যাসহ ৩৩ জন অপহরণের চেষ্টার শিকার হয়েছে। ১ জন কন্যাসহ ১২ জন ফতোয়া শিকার হয়েছে। পুলিশী নির্যাতনের শিকার হয়েছে ২ জন কন্যাসহ ৮ জন। ১৭ জন কন্যাসহ ৪৪ জন সাইবার অপরাধের শিকার হয়েছে। বাল্যবিবাহের ঘটনা ঘটেছে ২৩ টি। বাল্যবিবাহের ঘটনা প্রতিরোধ করা হয়েছে ৫০ টি। এছাড়া ৪৩ জন কন্যাসহ ১২২ জন বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয়েছে।

বার্তা প্রেরক-

**মালেকা বানু**
সাধারণ সম্পাদক
বাংলাদেশ মহিলা পরিষদ

**সংযুক্তি:** ১২টি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশিত ঘটনার পেপার ক্লিপিং এর সংরক্ষিত তথ্যের ভিত্তিতে ২০২৩ সালের নারী ও কন্যা নির্যাতনের তথ্য।
**পত্রিকার নাম:** The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ।